

## ছাত্রকল্যাণ পরিদপ্তর

বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়, ঢাকা-১০০০  
ফোন: ৯৬৬৫৬২৩, পিএবিএক্স: ৯৬৬৫৬৫০-৮০ এক্স-৭১৪৩  
ফ্যাক্স: ৯৬৬৫৬২৩, ৮৬১৩০২৬



## Directorate of Students' Welfare

Bangladesh University of Engineering and Technology  
Dhaka-1000, Bangladesh  
Tel. 9665623, PABX: 9665650-80 Ext.7143  
Fax: 9665623,8613026 E-mail: dsw@dsw.buet.ac.bd

নং ডি. আর- (৬০)

তারিখ: ১২ অক্টোবর, ২০২২

### ২০২১-২২ শিক্ষাবর্ষের নবাগত শিক্ষার্থীদের জন্য বিশেষ জরুরী বিজ্ঞপ্তি


মেধা, অধ্যবসায় ও শ্রমের ফলশ্রুতিতে তীব্র এক প্রতিযোগিতামূলক ভর্তি পরীক্ষায় উত্তীর্ণ হয়ে বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ে ভর্তির যোগ্যতা অর্জন করায় ২০২১-২০২২ শিক্ষাবর্ষের নবাগত শিক্ষার্থীদের আমি আন্তরিক অভিনন্দন জানাই।

সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ২০২১-২০২২ শিক্ষাবর্ষের শিক্ষার্থীসহ বুয়েটের সকল স্নাতক শ্রেণীর শিক্ষার্থীদের ক্লাশ আগামী ১৯ নভেম্বর, ২০২২ তারিখ, শনিবার শুরু হবে।

বিশ্ববিদ্যালয়ের নিয়মানুযায়ী প্রত্যেক শিক্ষার্থীকে কোন একটি আবাসিক হলে আবাসিক অথবা অনাবাসিক (সংযুক্ত) শিক্ষার্থী হিসেবে ভর্তি হতে হয়। বিশ্ববিদ্যালয়ের আবাসিক হলসমূহে সীটের তীব্র সংকটের কারণে (২০২১-২০২২ শিক্ষাবর্ষসহ ৫টি ব্যাচের শিক্ষার্থী থাকবে) প্রথমবর্ষের শিক্ষার্থীদের ক্লাশ এর শুরুতে হলে সীট দেয়া সম্ভব হবে না। স্থান স্বল্পতার কারণে কোন হলেই সাময়িক আবাসনের ব্যবস্থা করা সম্ভব নাও হতে পারে। এমতাবস্থায়, সকল নবাগত শিক্ষার্থীদেরকে নিজ নিজ ব্যবস্থাপনায় বুয়েট ক্যাম্পাসের বাহিরে থেকে পড়াশুনার পূর্ব প্রস্তুতি গ্রহণ করতে পরামর্শ দেয়া যাচ্ছে। তবে, পর্যায়ক্রমে সীট খালি হওয়া সাপেক্ষে নবাগত শিক্ষার্থীদের জন্য প্রয়োজন মোতাবেক সীট দেয়ার চেষ্টা আমাদের পক্ষ থেকে অব্যাহত থাকবে। ঢাকার বাইরে অবস্থানকারী শিক্ষার্থীদের সীট বরাদ্দের ক্ষেত্রে অগ্রাধিকার দেয়া হবে।

বিশ্ববিদ্যালয়ের আবাসিক হলসমূহের তত্ত্বাবধান, শিক্ষার্থীদের শারীরিক ও মানসিক উৎকর্ষের জন্য খেলাধুলা, শরীরচর্চা, সাংস্কৃতিক অনুষ্ঠান প্রভৃতি সহপাঠ্য কার্যক্রম আয়োজন ও পরিচালনা এবং শিক্ষার্থীদের চিকিৎসা সুবিধা প্রদানের দায়িত্ব ছাত্রকল্যাণ পরিদপ্তরের উপর ন্যস্ত। শিক্ষার্থীদেরকে উপযুক্ত প্রকৌশলী/ স্থপতি/ পরিকল্পনাবিদ, সর্বোপরি একজন সুনামগরিক ও পরিপূর্ণ মানুষরূপে গড়ে তুলতে সকল প্রকার সহযোগিতা করার জন্য ছাত্রকল্যাণ পরিদপ্তর সব সময় সচেষ্ট। আশা করি এসব সুযোগ সুবিধার সদ্ব্যবহার করার জন্য সকল নবাগত শিক্ষার্থী এগিয়ে আসবে।

হল বন্টনের তালিকা অতি শীঘ্রই বুয়েট ওয়েবসাইটে প্রকাশ করা হবে।

  
(অধ্যাপক ড. মো. মিজানুর রহমান) 12/10/2022  
পরিচালক

ছাত্রকল্যাণ পরিদপ্তর

যোগাযোগ: ০১৯১১-৩৪৬৯৯৩/০১৭১২-২৭৪৮৮৭/০১৮২৯-৩০৮০৪৩

বিতরণঃ

- ১) সকল ডীন মহোদয়, বা. প্র. বি, ঢাকা।
- ২) সকল বিভাগীয় প্রধান, বা. প্র. বি, ঢাকা।
- ৩) সকল হল প্রভোস্ট, বা. প্র. বি, ঢাকা।
- ৪) পরিচালক, আই.সি.টি সেল, বা. প্র. বি, ঢাকা। প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইটে দেয়ার ব্যবস্থা গ্রহণের জন্য।